

স্মারক নম্বরঃ ৪১.০১.১২৬৩.০০০.১৬.০০৬.২২.৩৩৫

তারিখঃ ১২ অক্টোবর ২০২৫ খ্রিঃ।

বিষয়: ২০২৫-২০২৬ অর্থ বছরের বর্ধিত কোটায় বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগ্রহীতা মহিলা ভাতা, প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী ভাতাসহ অনগ্রসর জনগোষ্ঠীর জন্য বিশেষ ভাতা ও শিক্ষা উপবৃত্তি অনলাইনে আবেদন গ্রহণ গ্রহণ প্রসঙ্গে।  
সূত্র- ০১) ৪১.০১.০০০০.০৪৯.১৬.০৬২.২৪.৯৪৪ তারিখ- ১২/১০/২০২৫ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ অর্থ বছরের বর্ধিত কোটায় বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগ্রহীতা মহিলা ভাতা, প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি এবং অনগ্রসর জনগোষ্ঠীর জন্য বিশেষ ভাতা ও শিক্ষা উপবৃত্তি অনলাইনে আবেদন গ্রহণ কার্যক্রম শুরু হয়েছে। অনলাইনে আবেদন গ্রহণ [dsss.bhata.gov.bd/online-Application](http://dsss.bhata.gov.bd/online-Application) এই লিংকে অদ্য ১৩ অক্টোবর ২০২৫খ্রি. তারিখে শুরু হয়ে ০৬ নভেম্বর, ২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত চলবে।


**অনলাইনে আবেদনে যা যা লাগবেঃ-**

১. বয়স্ক ভাতা (পুরুষ ৬৫ বছর, মহিলা- ৬২ বছর), বিধবা ও স্বামী নিগ্রহীতা মহিলা ভাতা (স্বামী মৃত সনদ), অনগ্রসর জনগোষ্ঠীর জন্য বিশেষ ভাতা (বয়স- ৫০ বছর) ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র এবং বার্ষিক গড় আয় ১০ হাজার টাকা;
২. প্রতিবন্ধী ক্ষেত্রে সুবর্ণ নাগরিক কার্ড (প্রতিবন্ধী পরিচয় পত্র) এবং জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন পত্র;
৩. নিজ জাতীয়পরিচয় পত্রের মাধ্যমে নিবন্ধিত সিমের মোবাইল ব্যাংকিং হিসাব (যেমন, বিকাশ, রকেট, নগদ) অথবা এজেন্ট ব্যাংকিং হিসাব (যেমন, ব্যাংক এশিয়া এজেন্ট ব্যাংকিং)।

এমতাবস্থায়, বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগ্রহীতা মহিলা ভাতা, প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি এবং অনগ্রসর জনগোষ্ঠীর জন্য বিশেষ ভাতা ও শিক্ষা উপবৃত্তির জন্য নির্ধারিত সময়ে অনলাইনে আবেদন গ্রহণ বিষয়ে ব্যাপক প্রচারণা/মাইকিংসহ অন্যান্য মাধ্যমে অবহিতকরণ জন্য বিশেষভাবে অনুরোধ করা হ'ল।

চেয়ারম্যান

..... ইউনিয়ন পরিষদ  
কসবা, ব্রাহ্মণবাড়িয়া।



মোহাম্মদ আলমগীর মিয়া

উপজেলা সমাজসেবা অফিসার

মোবাইল- ০১৭০৮৪১৪৭৫৬

টেলিফোন- ০৮৫২৪৭৩০৯৬

ইমেইল-[usso.kashba@dss.gov.bd](mailto:usso.kashba@dss.gov.bd)

স্মারক নম্বরঃ ৪১.০১.১২৬৩.০০০.১৬.০০৬.২২.৩৩৫

তারিখঃ ১২ অক্টোবর ২০২৫ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে/ জ্ঞাতার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

১. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, কসবা, ব্রাহ্মণবাড়িয়া।
২. উপজেলা নির্বাহী অফিসার এবং প্রশাসক, কসবা উপজেলা পরিষদ, কসবা, ব্রাহ্মণবাড়িয়া।
৩. তথ্যসেবা কর্মকর্তা, তথ্যসেবা কেন্দ্র/ সুপার, ইসলামিক ফাউন্ডেশন, কসবা, ব্রাহ্মণবাড়িয়া।
৪. অফিস কপি।